# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ৩২. গামেদ প্রতিনিধি দল (وفد غامد)

ইয়ামনের ‘আযদ’ (الأَزْد) গোত্রের অন্তর্ভুক্ত ১০ সদস্যের এই প্রতিনিধি দল ১০ম হিজরীতে মদীনায় আসে। তারা মদীনার বাইরে তাদের সরঞ্জামাদি একটি বালকের যিম্মায় রেখে রাসূল (ছাঃ)-এর দরবারে উপস্থিত হয়। রাসূলুল্লাহ (ছাঃ) তাদের জিজ্ঞেস করেন, মাল-সামান কার কাছে রেখে এসেছ? তারা বলল, একটি বালকের যিম্মায়’। রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, তোমরা আসার পরে সে ঘুমিয়ে গিয়েছিল। একজন এসে তোমাদের কাপড়ের বাক্স চুরি করে নিয়ে গেছে। প্রতিনিধি দলের জনৈক সদস্য বলে উঠল, হে আল্লাহর রাসূল! ওটা তো আমার। রাসূল (ছাঃ) বললেন, ভয় পেয়ো না। বাচ্চাটা উঠেছে এবং চোরের পিছে পিছে ছুটেছে ও তাকে পাকড়াও করেছে। তোমাদের সব মালামাল নিরাপদ আছে’। প্রতিনিধি দলের সদস্যরা ফিরে গিয়ে ছেলেটির কাছে যা শুনলো, তা সবকিছু রাসূল (ছাঃ)-এর বক্তব্যের সাথে মিলে গেল। ফলে এতেই তারা মুসলমান হয়ে গেল। রাসূল (ছাঃ) উবাই বিন কা‘বকে তাদের জন্য নিযুক্ত করেন। যাতে তিনি তাদের কুরআন মুখস্থ করান এবং ইসলামের বিধি-বিধান সমূহ শিক্ষা দেন। ফিরে যাবার সময় তাদেরকে উপঢৌকন দেন। যেমন অন্যান্য প্রতিনিধি দলকেও তিনি দিয়েছেন’ (যাদুল মা‘আদ ৩/৫৮৬)। অতঃপর উক্ত বিধি-বিধান সমূহ একটি কাগজে লিখে দেওয়া হয়’ (শারহুল মাওয়াহেব ৫/২২৫)।

[শিক্ষণীয় : এর মধ্যে রাসূল (ছাঃ)-এর যুগে হাদীছ লিখনের দলীল পাওয়া যায়।]

Source — https://www.hadithbd.com/books/link/?id=5702

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন